ছিল? কি পাপে সাবিত্রীকে ক্ষণের জন্য বৈধব্য যন্ত্রণা ভোগ করিতে হইয়াছিল? তাঁদের যে পাপে কষ্ট পাইতে হইয়াছিল আমাদেরও সেই পাপে মনঃস্তাপ পাইতে হইল।

একবার ভগবানের নাম উচ্চারণ করিয়া, বুকে হাত দিয়া কেহ বলুক, যে সত্যকে পদদলিত করা হয় নাই! আশা করি কেহই পারিবে না। মিথ্যা বলিলে আত্মহত্যা করা হয়। আত্মঘাতীর স্থান নরকেও হয় না। একবার তোমার চতুর্দ্দিকে অবলোকন কর, দেখ কত লোক কত প্রকারে আত্মহত্যায় অগ্রসর ঐ যে বিশ্বভণ্ডগণের মুখমণ্ডল হইতে উপদেশ লহরী ক্ষরিত হইতেছে; উহারা এক একজন আত্মঘাতী। উহারা স্বার্থের মোহন মন্ত্রে মুগ্ধ হইয়া গূঢ় অভীষ্ট সাধনের অভিপ্রায়ে নানাপ্রকার মিথ্যা কথা বলিয়া, পরনিন্দা করিয়া আত্মহত্যা করিতেছে। উহারা সরলতা, সত্যপরতা, ধার্ম্মিকতা স্বার্থের নিকট বলি দিয়াছে। উহারা যদি মহাত্মা হয়, তবে নীচাত্মা কে? উহারা যদি জ্ঞানী হয়, তবে মোহান্ধ কে? উহারা যদি ধার্ম্মিক হয়, তবে পাপী কে? অগ্নিশিখার রূপে বিমুগ্ধ পতঙ্গের ন্যায়, কত নরনারী উহাদের রূপকূপে নিমগ্ন হইতেছে, নিষাদের মুরলী নিনাদে মোহিত হরিণীর ন্যায়, উহাদের মধুর স্বরে বঞ্চিত হইয়া কত নরনারী বিপথগামী হইতেছে।

উহাদের মন্ত্র হইতেছে—পরদ্রোহ, পরোপকার যাহাই আচরণ করিনা কেন,—সুখে থাকিতে পারিলেই হইল! এই সুখের পরিণাম যে দুঃখ, এই অমৃতের পরিণাম যে গরল, এই স্বর্গের পরিণাম যে নরক, একথা ভাবিবার সময় পায় না।

পাঠক! এই সব কথা একবার ভাব এবং বল যে আশ্চর্য্য হইবার কিছু আছে কিনা এবং স্বর্গরাজ্য অধিকার হইল বা নষ্ট হইল (Paradise Regained or Lost) বিবেচনা কর।

সত্যবাদী।

---

## দুরাকাঙ্ক্ষী।

—০—

ইসারায় সাড়া পেয়েছি তোমার,
নাহি কিছু দুঃখ মোর;
গুল গুল ধূপে মসগুল প্রাণ,
সুখের নাহিক ওর।
তব বক্ষের তালে তালে তালে
পরাণ আমার আজিকে নাচালে,—
কাজল আঁখির সজল দিঠিতে
ঘুচালে কালিমা ঘোর;
নাহি কিছু দুঃখ মোর।
থাক ফুটে থাক, ফুলের মতন—
ওগো ওগো মনোচোর;
দূরে থেকে শুধু বিলাও সুবাস,
প্রাণ ক'রে দাও ভোর।
তোমার মনের একটী কোণেতে
একটুকু স্থান চাই শুধু পেতে,—
যেন মোরে স্মরি' কভু বা বিরলে
ঝরে নয়নের লোর;—
ওগো, ওগো, মনোচোর।
শুকতারা সম দূর গগনের
উজলি' রহগো বুক,
হেথা হ'তে আমি লভিব কিরণ—
সেই হবে মোর সুখ।
কাজ নাই তব মদির পরশে,
নাহি প্রয়োজন চুম্বন রসে;
তুমি আছ মোর এই বলিবার,
দাও অধিকারটুকু;
উজলি রহগো বুক।
লুকায়ে লুকায়ে বরিব তোমায়
অতি গোপনে গোপনে,
বাহির জগতে চাই না তোমারে
রহ স্বপনে স্বপনে।
হৃদি পটে মোর অমর রেখায়
আঁকিয়া রেখেছি আমায় তোমায়;
এই অভিলাষ—কর কর বাস
মম মানস আসনে;
অতি গোপনে গোপনে।

শ্রীকৃষ্ণকিশোর দাস, বি-এল।

---

## বিবিধ সংবাদ।

ইনসিওর চুরি। পাবনা হেড পোষ্টাফিস হইতে ১টী ৭৫ টাকার ইনসিওর করা খাম চুরি গিয়াছে। এই পর্য্যন্ত উহার কোন সন্ধান পাওয়া যায় নাই।

---

বড়লাটের ছুটী গ্রহণ। প্রকাশ যে আগামী জুন মাসের শেষ কি জুলাইয়ের প্রথম ভাগে বড়লাট লর্ড আরউইন ছুটী লইয়া বিলাত যাইবেন এবং সেই সময়ে মাদ্রাজের গভর্ণর লর্ড গসেন অস্থায়ীভাবে বড়লাটের কাজ করিবেন।

---

নিজামের দান। হায়দ্রাবাদের নিজাম বাহাদুর বড় দিনের সময়ে কলিকাতা গিয়াছিলেন। এই উপলক্ষে কলিকাতার বিভিন্ন জনহিতকর প্রতিষ্ঠানে সাহায্যের জন্য তিনি বাঙ্গালার লাট সাহেবের হস্তে এক লক্ষ টাকা প্রদান করিয়াছেন।

---

বীমা কোম্পানীকে প্রতারণা। সুরাটে মোহনলাল বনমালী নামক এক ব্যক্তি বীমা কোম্পানীকে ৮০ হাজার টাকা ঠকাইবার উদ্দেশ্যে তাহার নিজের তুলার গুদামে আগুন লাগাইয়া দিয়াছিল। এই সম্পর্কে তাহার একজন ভৃত্যের ৫ বৎসর সশ্রম কারাদণ্ড হইয়াছে এবং সে নিজে দায়রা আদালতে অভিযুক্ত হইয়াছে।

---

লোমহর্ষণ হত্যাকাণ্ড। হাওড়ার ঝিকড়া নামক স্থানে কোন দুর্ব্বৃত্ত কুলাসী দাসী নামক একটী স্ত্রীলোককে হত্যা করিয়া তাহার দেহ ট্রাঙ্কে পূরিয়া পুকুরে নিক্ষেপ করে। এই সম্পর্কে পুলিশ ৫ জন লোককে গ্রেপ্তার করিয়াছে। মেয়েটী টাকা দাদনের কাজ করিত। প্রকাশ যে ধৃত ব্যক্তিদের নিকট মৃতার কতক কতক অলঙ্কারও পাওয়া গিয়াছে।

---

তহবিল তছরূপে শাস্তি। ৪ বৎসর পূর্ব্বে বোম্বাইয়ের ইম্পিরিয়াল ব্যাঙ্কের ডেপুটী সুপারিণ্টেণ্ডেণ্ট সুন্দর রাও রণজিৎ উক্ত ব্যাঙ্কের ১ লক্ষ ৭৮ হাজার টাকা তছরূপ করিয়া পলাইয়া যান। সম্প্রতি তাঁহাকে একটী দেশীয় রাজ্য হইতে গ্রেপ্তার করিয়া আনিয়া বোম্বাইয়ে তাহার বিচার করা হয়। বোম্বাই হাইকোর্ট তাঁহার প্রতি ৪ বৎসর সশ্রম কারাদণ্ডের আদেশ দান করিয়াছেন।

---

প্রচুর আফিম। কলিকাতার পুলিশ কাশীনাথ মল্লিক ষ্ট্রীটের একটী বাড়ীতে হানা দিয়া তথা হইতে ৩ মণ আফিম ও ৮ আউন্স পরিমাণ কোকেন আবিষ্কার করিয়াছে। পুলিশ বাড়ী খানাতল্লাসের সময়ে কয়েকজন গুণ্ডা তাহাদিগকে আক্রমণ করিয়া রীতিমত দাঙ্গা বাধাইয়া দেয় উহার ফলে কয়েকজন পুলিশ আহত হয়। এই সম্পর্কে ৩৪ জন লোক গ্রেপ্তার হইয়াছে। প্রাপ্ত জিনিষের মূল্য প্রায় ৫০ হাজার টাকা। এই সব মাল বিনা লাইসেন্সে রাখা হইয়াছিল।

---

বাড়ালা সংবাদ। গত ২৫শে জানুয়ারী বৈকাল ৪টার সময় মাননীয় সাবডিভিসন্যাল অফিসার মহোদয়ের সভাপতিত্বে বহরমপুরের স্বনামধন্য জমিদার স্বর্গীয় ডাঃ রামদাস সেন মহাশয়ের সুযোগ্য পৌত্র শ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত বাবু মুরলী মোহন সেন মহাশয় কর্ত্তৃক বাড়ালা রামদাস সেন উচ্চ ইংরাজী বিদ্যালয়ের ছাত্রাবাসের ভিত্তি স্থাপিত হইয়াছে। এই ভিত্তিস্থাপন উৎসবে স্থানীয় বহু সম্ভ্রান্ত ভদ্রলোক ও সার্কেল অফিসার শ্রীযুক্ত মহম্মদ আবদুল গফুর মহাশয় উপস্থিত ছিলেন। বর্ত্তমান ছাত্রাবাসে স্থান সঙ্কুলান হইতেছে না দেখিয়া মুরলী বাবু তাঁহার স্বর্গীয় খুল্লতাত শ্রদ্ধাস্পদ হিরণ্ময় সেন মহাশয়ের পুণ্য স্মৃতি রক্ষার্থে "হিরণ্ময় সেন ছাত্রাবাস" নামে এই ছাত্রাবাস নির্ম্মাণ করাইয়া দিয়া তাঁহার পিতামহ প্রাতঃস্মরণীয় ডাঃ রামদাস সেনের উপযুক্ত বংশধরের কাজ করিতেছেন। দাতা চিরং জীবতু।

শ্রীসতীনাথ বন্দ্যোপাধ্যায়,
ছাত্রাবাস কমিটীর সম্পাদক।

---

## গিনি পুরস্কার।

### বর্ণ বিন্যাস প্রতিযোগিতা (নং ৩)

**প্রবেশ ফিঃ মাত্র ।০ চারি আনা।**

একজনে যতগুলি ইচ্ছা উত্তর পাঠাইতে পারেন। কিন্তু প্রত্যেক উত্তর পত্রের সহিত ।০ চারি আনার ৵৫ এক পয়সা মূল্যের ১৬ খানা ডাক টিকিট পাঠাইতে হইবে। যদি মনিঅর্ডার বা রেজিষ্ট্রারী ডাকে পাঠান হয় রসিদ পাইবেন। প্রতিমাসেই এরূপ প্রতিযোগিতা করিবার সুযোগ পাইবেন।

### উত্তর করিবার নিদর্শন।

| প্রশ্ন। | উত্তর। |
| --- | --- |
| 1. AFIRY. | 1. FAIRY. |
| 2. ADEGHRTU. | 2. DAUGHTER. |
| 3. ACIMRRSY. | 3. MISCARRY. |

## প্রশ্ন।

(যাহার উত্তর পাঠাইতে হইবে।)

1. AAECDYM.
2. IIABDLLSR.
3. EEECCDNR.
4. OIIACRYDTN.
5. IEEERNTMPX.
6. UIESSRF.
7. AEUGNLTT.
8. IAACDHNP.
9. EIOOGLMNRTY.
10. IEDGR.

## নিয়মাবলী :—

☞ আগামী ২৮শে মাঘ হইতে ২৩শে ফাল্গুন পর্য্যন্ত উত্তর পত্র গৃহীত হইবে।

১। উত্তর কাগজের এক পৃষ্ঠায় লিখিতে হইবে।

২। প্রত্যেক উত্তর পত্রের মাথায় ("বর্ণ বিন্যাস প্রতিযোগিতা" নং ৩) লিখিতে হইবে।

৩। প্রত্যেক উত্তর পত্রের সহিত প্রবেশ ফিঃ ।০ চারি আনার ৵৫ এক পয়সা মূল্যের ১৬ খানা ডাক টিকিট পাঠাইতে হইবে। প্রবেশ ফিঃ ভিন্ন উত্তর পত্র গৃহীত হইবে না।

৪। ১৩৩৫ সালের ২৩শে ফাল্গুনের মধ্যে উত্তর আমাদের কার্য্যালয়ে পৌঁছান আবশ্যক। তৎপরে কোন উত্তর গ্রাহ্য নহে।

৫। যিনি সর্ব্বাপেক্ষা অধিক সংখ্যক প্রশ্নের ঠিক উত্তর দিতে পারিবেন তিনি একখানি গিনি পুরস্কার পাইবেন। যিনি দ্বিতীয় স্থান অধিকার করিবেন তিনি ১টী Ansonia Bee Time-Piece (এ্যানসোনিয়া বি টাইম-পিস ঘড়ি) পুরস্কার পাইবেন। যিনি তৃতীয় স্থান অধিকার করিবেন তিনি একখানি ইংরাজী ডিক্‌সনারী পুরস্কার পাইবেন। যাঁহারা ৪র্থ হইতে ১৫শ স্থান অধিকার করিবেন তাঁহাদের প্রত্যেকে নিজ নিজ নাম ও ঠিকানা ছাপান কার্ড ২৫ খানা করিয়া পাইবেন।

৬। ২৩শে ফাল্গুন ইংরাজী ৭ই মার্চ্চ উত্তরের কাগজগুলি পরীক্ষিত হইবে। 'জঙ্গিপুর সংবাদের' সম্পাদকের মীমাংসা চূড়ান্ত বলিয়া মানিতে হইবে।

৭। দুই বা ততোধিক জনের উত্তর একই হইয়া যদি একস্থান অধিকার করেন তাহা হইলে যাঁহার উত্তর অগ্রে আমাদের অফিসে পৌঁছিয়াছে তিনিই পুরস্কারের যোগ্য বিবেচিত হইবেন। প্রতিযোগিতার ফল চৈত্র মাসের প্রথম সপ্তাহে বাহির হইয়া প্রত্যেকের নিকট প্রেরিত হইবে।

৮। নাম ঠিকানা স্পষ্ট করিয়া লিখিতে হইবে।

উত্তর ও প্রবেশ ফিঃ পাঠাইবার ঠিকানা—
ম্যানেজার জঙ্গিপুর সংবাদ
(প্রতিযোগিতা বিভাগ)
পোঃ রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ।)

